# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার হাজিরা সীট

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। সময় : ০২-০০ টা, তারিখ : ০৭-০৫-২০২৫ খ্রি:

| ক্র: নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ রকিবুল হাসান | প্রশাসক | সভাপতি | 07/5/25 |
| ২ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ১ নং ভোমরাদহ ইউ.পি. | সদস্য | |
| ৩ | বিবেকানন্দ রায় | চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. | সদস্য | |
| ৪ | সনাতন চন্দ্র রায় | চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. | সদস্য | |
| ৫ | লায়লা আরজুমান বেগম | উপজেলা কৃষি অফিসার | সদস্য সচিব | |

CamScanner

# উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ রকিবুল হাসান
প্রশাসক, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

সভার তারিখ : ০৭/০৫/২০২৫ খ্রি।

সময় : ০২.০০ টায়।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

আলোচ্যসূচি :

১. ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে কর্মপরিকল্পনা প্রণয়ন ও ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে কৃষি প্রণোদনা আওতায় রোপা আমন ধান বিতরণে কৃষক নির্বাচন নিয়ে আলোচনা।

২. ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-১ মৌসুমে আউশ ধানের উৎপাদন বৃদ্ধিতে নিরবিচ্ছিন্ন ও সুষ্ঠু সেচ ব্যবস্থাপনা নিশ্চিতকরণ বিষয়ক আলোচনা।

৩. বিবিধ।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি কমিটির সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি ও উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জকে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য আহবান জানান। অতঃপর সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জ অত্র সভায় জানান যে, চলতি মৌসুমে বোরো ধান কর্তন চলমান রয়েছে। আসন্ন খরিপ মৌসুমে নিরাপদ খাদ্য ও পুষ্টির নিরাপত্তা নিশ্চিতকল্পে সকল ফসলের আধুনিক ও উন্নত প্রযুক্তির জাতসমূহ কৃষক পর্যায়ে সম্প্রসারণ প্রয়োজন। অনাবাদী পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় (১ম সংশোধিত) পারিবারিক পুষ্টি বাগান প্রকল্পের আওতায় ১৭৬ জন কৃষকের মাঝে সবজির বীজ ও ফলের চারা প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে। উচ্চ মূল্যের ফসল উৎপাদনে আগাম শীতকালীন সবজি আবাদ অব্যাহত আছে। | খাদ্য ও পুষ্টির নিরাপত্তা নিশ্চিত করতে আসন্ন খরিপ মৌসুমে সকল ফসলের উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, উপসহকারী কৃষি অফিসার ও কৃষি সংশ্লিষ্ট স্টেক হোল্ডার। |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, পীরগঞ্জ অত্র সভায় আরও জানান যে, বোরো ধানের লক্ষ্য মাত্রা অর্জনে, সেচের ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে গভীর ও অগভীর নলকূপ এলএলপি সহ অন্যান্য সেচ যন্ত্র কৃষক পর্যায়ে চালু রাখা প্রয়োজন। | বোরো ধানের লক্ষ্য মাত্রা অর্জনে কৃষক পর্যায়ে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের গভীর নলকূপসহ সকল ধরনের সেচ যন্ত্র চালু রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ও উপসহকারী কৃষি অফিসার পীরগঞ্জ, ঠাকুরগাঁও। সহকারী প্রকৌশলী, বিএমডিএ পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০৩ | ২০২৪-২০২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে কৃষি প্রণোদনা আওতায় আমন ধান বিতরণে কৃষক নির্বাচন। পীরগঞ্জ উপজেলায় আমন ধান প্রণোদনা আওতায় ৩০০০ জন কৃষকের বরাদ্দ পাওয়া গেছে যাহা ৩০০০ বিঘা। প্রতি বিঘার জন্য জনপ্রতি ৫ কেজি বীজ, ১০কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার পাবে। যাহা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা নির্দেশনা রয়েছে। | আগ্রহী রোপা আমন চাষী কৃষকদের প্রয়োজনীয় কাগজপত্র এনআইডি ফটোকপি, কৃষিকার্ড ফটোকপি, ১ কপি স্ট্যাম্প সাইজের ছবি নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি অফিসার এর সাথে যোগাযোগ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার উপসহকারী কৃষি অফিসার পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |

CamScanner